


বেরোবির ডাস্টবিনে শেখ হাসিনার ছবি

বেরোবি সংবাদদাতা

প্রকাশিত: ১৯:৩৩, ৬ ফেব্রুয়ারি ২০২৫; আপডেট: ১৯:৩৩, ৬ ফেব্রুয়ারি ২০২৫





রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) বিভিন্ন ময়লার ডাস্টবিনে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি লাগিয়ে দিয়েছে শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার (০৬ ফেব্রুয়ারি) দুপুর ১২ টায় কিছু সংখ্যক শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থানে রাখা ডাস্টবিনে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবিসহ নতুন ১০টি ডাস্টবিন স্থাপন করেন।

সরজমিনে দেখা যায়, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন ও প্রধান ফটকসহ বিভিন্ন স্থানে এসব ডাস্টবিন স্থাপন করেন তারা।

পদার্থ বিজ্ঞান বিভাগের সিয়ামের উদ্যোগে ডাস্টবিন বসানোর সময় গণিত বিভাগের ইমরান, রাব্বি, পদার্থ বিভাগের আবির, বেনজির, জিওগ্রাফির রাজ, সমাজ বিজ্ঞানের হাসিব, জার্নালিজমের আলামিনসহ অনেক শিক্ষার্থী এই কার্যক্রমে অংশ নেয়।

এ বিষয়ে জানতে চাইলে, বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী সিয়াম মন্ডল বলেন, ফ্যাসিস্ট হাসিনা বাংলাদেশকে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছিলো। বিপ্লবী ছাত্রজনতার গণঅভ্যুত্থানে পালিয়ে যাওয়া ফ্যাসিস্টের স্থান যে ময়লার স্তুপে আজ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সেটা প্রমাণ করে দিলো খুনি হাসিনার প্রতিকৃতি সংবলিত ডাস্টবিন স্থাপন করে।

সাধারণ শিক্ষার্থীদের মাঝে পরিষ্কার পরিচ্ছন্নতার সচেতনতা বৃদ্ধি এবং ফ্যাসিস্ট এর প্রতি তাদের যে ঘৃণা সেটির প্রতিফলন হয়ে থাকবে এই খুনি হাসিনার প্রতিকৃতি সংবলিত ডাস্টবিন।

আবির রহমান বলেন, ফ্যাসিবাদকে যে মানুষ ঘৃণা করে তার প্রতিকৃতি হিসেবে এই ডাস্টবিন। বেরোবি শিক্ষার্থীদের পক্ষ থেকে ফ্যাসিবাদ বিরোধী একটি প্রতীক আজ স্থাপন হলো।

বেরোবি ছাত্রদলের প্রতিষ্ঠাতা সাংগঠনিক সম্পাদক (সাবেক) মুরসালিন মুন্না বলেন, ছাত্রসমাজের প্রতিবাদ সবসময়ই সামাজিক ও রাজনৈতিক পরিবর্তনের মূল চালিকা শক্তি হিসেবে কাজ করেছে। শেখ হাসিনার ছবিসহ ডাস্টবিন স্থাপনের ঘটনাটি একদিকে বিগত ফ্যাসিস্ট সরকারের বিরুদ্ধে ছাত্রদের তীব্র ক্ষোভ প্রকাশের প্রতীক। অন্যদিকে

শ্বৈরশাসনের বিরুদ্ধে গণতান্ত্রিক চেতনার জাগরণ। এটি মূলত একদলীয় কর্তৃত্ববাদ, দমন-পীড়ন ও দুর্নীতির বিরুদ্ধে গণমানুষের ক্ষোভেরই বহিঃপ্রকাশ। একটি সুন্দর রাষ্ট্র গঠনের জন্য সকল শ্বৈরশাসককে হটানো এবং জনগণের প্রকৃত ক্ষমতায়নের বিকল্প নেই।